# জেএসসি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

বাংলা প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ১

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক অংশ — গদ্য

১. রাঙ্গামাটি বেড়াতে গিয়ে শামিম একটি কথা বলা ময়না পাখি সংগ্রহ করে। ময়নাটির সৌন্দর্য ও নির্দিষ্ট কিছু শব্দের বোল অচিরেই শামিমের মন জয় করে ফেলে। নাওয়া-খাওয়া ভুলে শামিম সারাদিন পাখি নিয়েই ব্যস্ত। শখ করে আবার ময়নার গলায় জরির মালাও পরানো হয়েছে। কদিন পরেই দেখা গেল 'শামিম, শামিম-কই, কই, করে বাড়ি মাতিয়ে রাখায় ময়নাটির জুড়ি নেই। বাড়ির সবাই প্রথম প্রথম বিরক্ত হলেও শেষ পর্যন্ত শামিমের ময়না-প্রীতিরই জয় হলো।

ক. 'ভজন' শব্দের অর্থ কী? ১

খ. লেখকের অতিথির উপবাস করার কারণ কী? ২

গ. শামিম এবং 'অতিথির গল্প'- এর লেখকের আকাঙ্ক্ষায় কী পার্থক্য লক্ষ্য করা যায় আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপক ও গল্পের চরিত্রগুলোর মানসিকতার পার্থক্যই ময়না এবং অতিথির ভাগ্য নিরূপণ করে কি না আলোচনা কর। ৪

২.
ধনপতি পাল তিনি জমিদার মস্ত;
সূর্য রাজ্যে তাঁর যায় নাকো অস্ত
-------------------------
তার ওপর ফুলে ওঠে কারখানা-ব্যাঙ্কে
আয়তনে হারালেন মোটা কোলা ব্যাঙকে।
-------------------------
দিনরাত চিৎকার; আরো বেশি টাকা চাই,
আরো কিছু তহবিলে জমা হয়ে থাকা চাই।
-------------------------
নায়েবের অনুরোধে ধনপতি চারিদিক
দেখে নিয়ে বার কয় হাসলেন ফিক্-ফিক্;
তারপর বললেন; বলা ভারি শক্ত
সবচেয়ে খেতে ভালো গরিবের রক্ত।

ক. 'জবরদস্তি' শব্দের অর্থ কী? ১

খ. 'মোড়লের নিস্তার নাই।'- হাসুর এরূপ মন্তব্য করার কারণ ব্যাখ্যা কর। ২

গ. ধনপতি পাল এবং 'সুখী মানুষ' নাটিকার মোড়লের চরিত্রের সাদৃশ্য আলোচনা কর। ৩

ঘ. ধনপতি পালের পক্ষে সুখী মানুষ হওয়া সম্ভব কী? 'সুখী মানুষ' নাটিকার আলোকে তোমার মতামত তুলে ধর। ৪

৩. ঝাকড়া মাথা বুড়ো বটগাছটা গ্রামের সবার কাছেই আতঙ্কের উৎস। রাত-বিরেতে ছোট বাচ্চারা কান্নার আওয়াজ। দিনে-দুপুরে সামান্য বাতাসে বটগাছের ঘন পাতার আবছা অন্ধকারে সরসর মরমর নানা ভৌতিক আওয়াজ পারতপক্ষে গ্রামের কেউই ওদিকটা মারায় না। গ্রামে মামার বাড়ি বেড়াতে এসেছে শহুরে আদনান। মামাত ভাই আরিফকে নিয়ে সারাদিন বনে-বানরে ঘুরে বেড়ানোয় খুব আনন্দ। বুড়ো বটগাছটা দেখে সেদিকে এগিয়ে আসতেই আরিফ আনদানের হাত চেপে ধরে ভয়ে ঠক্ ঠক্ করে কাঁপতে লাগলো। আদনান আরো এগিয়ে যেতেই আরিফ দাঁত কপাটি লেগে মাটিতে অজ্ঞান হয়ে পড়ে রইল। বটগাছে কান্নার আওয়াজ শুনে আদনান গাছে চড়ে আবিষ্কার করে, বাজপাখির বাসায় দুটো বাজপাখির ছানা এরকম শব্দ করছে। আদনান শব্দ করে হেসে উঠল।

Teachingbd.com

ক. নগেন পরাশর ডাক্তারকে কী বলে ডেকেছে? ১
খ. নগেনের কপাল ভালো কেন? ব্যাখ্যা কর। ২
গ. আরিফের দাঁত কপাটি লেখে অজ্ঞান হওয়ার বিষয়টি 'তৈলচিত্রের ভূত' গল্পের আলোকে আলোচনা কর। ৩
ঘ. আদনান এবং পরাশর ডাক্তার দুজনেই যুক্তিবাদী- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## খ অংশ —— কবিতা

৪. পাগলা হাওয়ার বাদল-দিনে
পাগল আমার মন জেগে ওঠে
চেনা শোনার কোন বাইরে
যেখানে পথ নাই, নাই রে
সেখানে অকারণে যায় ছুটে।

ক. সিকি-অর্থ কী? ১
খ. কানাই সব দোষ একা মাথা পেতে নিতে চেয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'নদীর স্বপ্ন' কবিতা কোন চেতনার পরিচয় পাওয়া যায় বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'নদীর স্বপ্ন' কবিতার সমগ্র বিষয়বস্তুকে ধারণ করে না- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৫. মাঘ মাসের প্রচণ্ড শীতের রাতে কমলাপুর রেলস্টেশনে গিয়ে দেখা গেল কিছু অসহায় ছিন্নমূল শিশু প্লাটফর্মের ওপরে জড়সড় হয়ে শুযে আছে। ছেঁড়া কাপড় গায়ে জড়িয়ে তারা শীত নিবারণের বৃথা চেষ্টা করছে।

ক. সকালের এক টুকরো রোদ্দুর কিসের চেয়ে দামি? ১
খ. 'প্রার্থী' কবিতায় 'রোদ্দুরের তৃষ্ণা' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে বর্ণিত দিকটি 'প্রার্থী' কবিতার যে দিকের সাথে সঙ্গতিপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'প্রার্থী' কবিতায় বর্ণিত শ্রেণির ভাগ্য উন্নয়নই ছিল সুকান্ত ভট্টাচার্যের উদ্দেশ্য- বিশ্লেষণ কর। ৪

৬. এ ভাষারই মান রাখিতে
হয় যদিবা জীবন দিতে
কোটি ভাইয়ের রক্ত দিয়ে পুরাবো
এ মনের আশা।

ক. 'একুশের গান'- কবিতাটি সর্বপ্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ১
খ. ভাষা আন্দোলনের রক্তদান বিস্মৃত হওয়া যায় না কেন? ২
গ. 'একুশের গান' কবিতার কোন বিষয়টি উদ্দীপকে খুঁজে পাওয়া যায় আলোচনা কর। ৩
ঘ. পরিসর স্বল্প হলেও 'একুশের গান' কবিতার মূল বিষয়টি উদ্দীপকে উপস্থিত— স্বীকার কর কি? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

## গ অংশ — আনন্দপাঠ

৭. শুধু বিঘে দুই ছিল মোর ভূঁই আর সবই গেছে ঋণে।
বাবু বলিলেন, বুঝেছ উপেন, এ জমি লইব কিনে।
কহিলাম আমি, তুমি ভূস্বামী, ভূমির অন্ত নাই।
চেয়ে দেখো মোর আছে বড়-জোর মরিবার মতো ঠাঁই।
মুনি রাজা কহে, বাপু, জানো তো হে, করেছি বাগানখানা,
পেলে দুই বিঘা প্রস্থ ও দিঘে সমান হইবে টানা—

ক. 'সাড়ে তিন হাত জমি' গল্পের মূল লেখক কে? ১
খ. জমি পেলে পাখোম কাউকে পরোয়া করবে না কেন? ২
গ. উদ্দীপকের রাজা এবং 'সাড়ে তিন হাত জমি' গল্পের পাখোমের মধ্যে যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদৃশ্যটির পরিণতি উপস্থাপনই 'সাড়ে তিন হাত জমি' গল্পের শিক্ষা— উক্তিটির যথার্থতা নির্ণয় কর। ৪

৮. রসুলপুর গ্রামের দরিদ্র আবুল হোসেন কাশেম মহাজনের নিকট থেকে উচ্চ সুদে টাকা ধার নিয়ে একটা স্টেশনারি দোকান দিল। কিন্তু কিছুদিনের মধ্যে গভীর রাতে দোকানের সব মালামাল চুরি হয়ে গেলে আবুল হোসেন কঠিন বিপদে পড়ল। কাসেম মহাজন টাকা পরিশোধের জন্য আবুল হোসেনকে চাপ দিল। সময়মতো টাকা পরিশোধ করতে না পারায় আবুল হোসেনের হাতে পুলিশের হাতকড়া পড়ল। ঘটনাটি এলাকার চেয়ারম্যানের কানে গেলে তিনি সুদবিহীন টাকার ব্যবস্থা করে আবুলকে ছাড়িয়ে আনলেন।

ক. শাইলকের চোখ চক্চক্ করে উঠল কেন? ১
খ. শাইলক কেন বিনা সুদে বাসানিওকে টাকা ধার দিল? ২
গ. আবুল হোসেনের অসহায়ত্বের সাথে 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের কোন বিষয়টির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুদের কারবারি কাশেম মহাজন যেন শাইলকের প্রতিচ্ছবি— উক্তিটি যথাযথতা বিশ্লেষণ কর। ৪

৯. রহমান সাহেবের কোনো সন্তান না থাকায় তাঁর মনে অনেক দুঃখ ছিল। আল্লাহর দরবারে অনেক কান্নাকাটি ও প্রার্থনা করে তিনি একটি পুত্রসন্তান লাভ করেন। কিন্তু সন্তানটি কিছুটা বিকলাঙ্গ হওয়ায় রহমান সাহেব হতাশাগ্রস্থ হয়ে সন্তানকে পরিত্যাগ করেন। কিন্তু পরবর্তীতে নিজের ভুল বুঝতে পেরে ও অনুতপ্ত হয়ে পুত্রকে ফিরিয়ে আনেন। যথোপযুক্ত পরিচর্যা ও শিক্ষা দিয়ে তিনি পুত্রকে মানুষ হিসাবে গড়ে তুলতে সক্ষম হন।

ক. বাদশা মনুচেহের জালকে কী উপহার দিলেন? ১
খ. সোহরাবের সাথে যুদ্ধে অবতীর্ণ হওয়ার সময় রোস্তম পরিচয় গোপন করেন কেন? ২
গ. উদ্দীপকের রহমান সাহেবের সাথে 'সোহরাব রোস্তম' গল্পের সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'সোহরাব রোস্তম' গল্পের সম্পূর্ণ ভাব ধারণ করতে পারেনি— উক্তিটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: | ১ | ০ | ১ |

**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

**১. অতিথির স্মৃতি গল্পে লেখকের ঘুম ভেঙে গেল কেন?**
ক) দুশ্চিন্তার জন্য খ) বদহজমের জন্য
গ) অসুস্থতার জন্য ঘ) এক ঘেয়ে ভজনের সুরে

**২. অবিদ্যা মানুষকে কোন পথে পরিচালিত করে?**
ক) আঁধারের সরু পথে
খ) দিব্যশক্তি অর্জনের পথে
গ) ক্রিয়াশীল কর্মকাণ্ডে
ঘ) আলোকের সারণিতে

**৩. 'পড়ে যাওয়া' গল্পে কোন সময়ের কথা বর্ণিত হয়েছে?**
ক) কাল বৈশাখীর খ) আষাঢ়
গ) কনকনে শীতের ঘ) নব-বসন্তের

**৪. লাইব্রেরিটি কোন আমলের—**
ক) বর্তমান যুগের খ) প্রাচীন আমলের
গ) দাদির আমলের ঘ) দাদা মশায়ের আমলের

**৫. ছোকানুর কাছে আনি আছে—**
ক) একটি খ) দুইটি
গ) তিনটি ঘ) চারটি

**৬. কবির কণ্ঠে আর কী জাগে না?**
ক) মৌসুমি ফুলের গান খ) নবজীবনের গান
গ) অসীম সাহসের প্রশান্তি ঘ) জয়যাত্রার গান

**৭. 'প্রার্থী' কবিতাটি পাঠ করলে অবহেলিত ও বঞ্চিতদের প্রতি শিক্ষার্থীদের—**
ক) বৈষম্য সৃষ্টি হবে খ) বিদ্বেষ সৃষ্টি হবে
গ) করুণা তৈরি হবে ঘ) মমতা সৃষ্টি হবে

**৮. 'একুশের গান' কবিতাটির উদ্দেশ্য হলো শিক্ষার্থীকে—**
i. অধিকার সচেতন করা
ii. দেশপ্রেমে উদ্বুদ্ধ করা
iii. আত্মপ্রত্যয়ী করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. খলিফা বালকদের খেলা দেখে কী শিখেছিলেন?**
ক) শাস্তি প্রদানের কৌশল
খ) বিচার করার কৌশল
গ) সত্য উদঘাটনের কৌশল
ঘ) রায় দেওয়ার কৌশল

**১০. কোন শতকে টম ক্যান্টি ও রাজকুমার জন্মগ্রহণ করে?**
ক) চতুর্দশ খ) পঞ্চদশ
গ) ষোড়শ ঘ) সপ্তদশ

**১১. রবিনসন গিনি উপকূলে গিয়ে পাঁচ পাউন্ডের জিনিস কত পাউন্ডে বিক্রি করেছিল?**
ক) ২০ পাউন্ড খ) ২৪ পাউন্ড
গ) ২২ পাউন্ড ঘ) ২৫ পাউন্ড

**১২. জালকে তার পিতা কোন পর্বতে ফেলে এসেছিলেন?**
ক) আলককস পর্বত খ) আল বুরুজ পর্বত
গ) আল দিনার পর্বত ঘ) আলপস পর্বত

**১৩. কোন পেটিকাটিতে পোর্শিয়ার ছবি ছিল?**
ক) সিসার পেটিকায় খ) লোহার পেটিকায়
গ) রুপার পেটিকায় ঘ) স্বর্ণের পেটিকায়

**১৪. ৭ই মার্চের ভাষণে কত লোকের সমাবেশ হয়েছিল?**
ক) প্রায় তিন লক্ষ খ) প্রায় পাঁচ লক্ষ
গ) প্রায় সাত লক্ষ ঘ) প্রায় দশ লক্ষ

**১৫. আইয়ুব খান মার্শাল-ল জারি করে রেখেছিল—**
ক) ৮ বছর পর্যন্ত খ) ১০ বছর পর্যন্ত
গ) ১২ বছর পর্যন্ত ঘ) ১৫ বছর পর্যন্ত

**১৬. প্রতীকধর্মী পুতুল তৈরি করতে প্রয়োজন—**
i. বিশেষ সৌন্দর্যবোধ, বিচার-বিবেচনা
ii. বিশেষ বাস্তবতাবোধ, বিচার-বিবেচনা
iii. বিশেষ কাল্পনিক শক্তি
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

**১৭. ভিক্ষুদের পরিধেয় চীবর দেখতে কেমন?**
ক) কাঁধ কাটা গেঞ্জির মতো
খ) সেলাইবিহীন লুঙ্গির মতো
গ) হাতওয়ালা গেঞ্জির মতো
ঘ) কোমরের বেল্টের মতো

**১৮. কবি কীসের বিক্ষোভে বসুন্ধরাকে কাঁপিয়ে দিতে বলেছেন—**
ক) নারী হত্যা খ) গণহত্যা
গ) শিশু হত্যা ঘ) হরতাল

**১৯. 'প্রার্থী' কবিতায় সূর্যকে অভিহিত করা হয়েছে?**
ক) অগ্নিপিণ্ড খ) আলোকপিণ্ড
গ) নক্ষত্র ঘ) দাতা

**২০. প্রচণ্ড শীতে সূর্যের উত্তাপের জন্য সারারাত অপেক্ষা করে যারা?**
ক) বন্যাকবলিত মানুষ
খ) বামপন্থী আদর্শের বিপ্লবী দল
গ) অন্নহনি, ক্ষুধার্ত মানুষ
ঘ) আশ্রয়হীন শীতার্ত মানুষ

**২১. কবি সুফিয়া কামালের পৈতৃক নিবাস ছিল—**
ক) কুমিল্লায় খ) মুন্সিগঞ্জে
গ) বরিশালে ঘ) খুলনায়

Teachingbd.com

২২. পাখোমের মৃত্যুর জন্য দায়ী—
i. শয়তানের প্ররোচনা
ii. তার বোকামি
iii. অতিলোভী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ iii

২৩. ক্যাটসকিল পাহাড় শ্রেণি হাডসন নদীর কোন দিকে অবস্থিত?
ⓚ উত্তর দিকে ⓚ দক্ষিণ দিকে
ⓖ পশ্চিম দিকে ⓖ পূর্ব দিকে

২৪. অ্যান্টনিওর প্রতি শাইলক কেন ক্ষিপ্ত ছিল?
ⓚ শাইলকের ক্ষতি করেছিল বলে
ⓚ তার ব্যবসার ক্ষতি হচ্ছিল বলে
ⓖ শাইলকের বিরুদ্ধে মামলা করেছিল বলে
ⓖ অ্যান্টনিও জাতে খ্রিস্টান ছিল বলে

২৫. রোস্তম তার প্রিয় ঘোড়া রখ্‌শকে খুঁজতে খুঁজতে কোথায় পৌছেছিলেন?
ⓚ তুরানে ⓚ কাবুলে
ⓖ সামেনগানে ⓖ জাবুলিস্তানে

২৬. রবিনসন কত বছর পর দেশের মাটিতে পা রেখেছিল?
ⓚ ২৮ বছর ⓚ ৩০ বছর
ⓖ ৩২ বছর ⓖ ৩৫ বছর

২৭. সে দিনের ফেব্রুয়ারিতে পথে পথে কোন ফুল ফুটেছিল?
ⓚ রক্তজবা ⓚ রজনীগন্ধা
ⓖ কনকচাঁপা ⓖ কামিনী

২৮. কবি কেন ব্যথিত হন?
ⓚ ফুল-ফল না থাকায়
ⓚ মৌসুমি গান শোনায়
ⓖ অরণ্য-নিধন লক্ষ করে
ⓖ বৃক্ষের বক্ষের বহ্নিজ্বালা দেখে

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :
কিশোর মোরা উষার আলো, আমরা হাওয়া দুরন্ত
মনটি চির বাঁধন হারা, পাখির মতো উড়ন্ত।

২৯. উদ্দীপকের দ্বিতীয় চরণের অর্থের সাথে মিল পাওয়া যায় নিচের কোন চরণের অর্থের?
ⓚ পায়ে পড়ি, মাঝি সাথে নিয়ে চলো, মোরে আর ছোকানুরে
ⓚ ছোকানুরে, তুই আকাশের রানি, আমি পদ্মার রাজা
ⓖ লক্ষী তো, মোরে-আর ছোকানুরে, নৌকায় তুলে নাও
ⓖ এই ফাঁকে মোরে- আর ছোকানুরে, নৌকায় তুলে নাও

৩০. উক্ত পঙক্তি দুটিতে যে আবেগ ফুটে উঠেছে তা হচ্ছে—
i. কিশোর মনের উচ্ছ্বাস
ii. ভাই ও বোনের সত্যিকার মর্যাদা
iii. কল্পনার অবাধ প্রবাহ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ i ও iii

৩১. 'দেশ' কবিতায় মানিক আলোকে জ্বালায়?
ⓚ শরৎকালের শিশির ⓚ বাতাস
ⓖ মুক্তা ⓖ প্রদীপ

৩২. সুকান্ত ভট্টাচার্য কোন কবি হিসেবে খ্যাতি অর্জন করেন?
ⓚ বিপ্লবী কবি হিসেবে
ⓚ বামপন্থী বিপ্লবী কবি হিসেবে
ⓖ বিদ্রোহী কবি হিসেবে
ⓖ পল্লিকবি হিসেবে

৩৩. "কোন রণে কত খুন দিল নর, লেখা আছে —।" শূন্যস্থানে কী বসবে?
ⓚ তাম্রশাসনে ⓚ দস্তাবেজে
ⓖ ইতিহাসে ⓖ খোদাই পাথরে

৩৪. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়?
ⓚ মাগধী প্রাকৃত ⓚ পূর্ব মাগধী প্রাকৃত
ⓖ গৌড়ী প্রাকৃত ⓖ ওড়িয়া

৩৫. কোন উঁচু শ্রেণির মানুষের লেখার ভাষা ছিল?
ⓚ বাংলা ⓚ সংস্কৃত
ⓖ প্রাকৃত ⓖ মৈথিলি

৩৬. ১৯৬৭ সালে ছায়ানট কোথায় বর্ষবরণের উৎসব শুরু করে?
ⓚ রমনার পাকুড়মূলে
ⓚ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায়
ⓖ চারুকলার বকুলতায়
ⓖ কার্জন হলের সামনে

৩৭. মিয়ানমারে বৌদ্ধ ভিক্ষুদের কী বলা হয়?
ⓚ পুরোহিত ⓚ ফুঙ্গি
ⓖ ব্রাহ্মণ ⓖ মহাথেরো

৩৮. টেকনাফ ও মংডুর মাঝখানে কোন নদী বিদ্যমান?
ⓚ কর্ণফুলী ⓚ ফেনী নদী
ⓖ নাফ ⓖ মাতামহুরী

৩৯. 'নন্দনতত্ত্ব' বলতে বোঝায়—
ⓚ সুন্দরকে জানার জ্ঞান
ⓚ সুন্দরের সম্পূরক জ্ঞান
ⓖ বিভিন্ন রকমের জ্ঞান
ⓖ চেনা ও জানা পরিস্থিতি

৪০. 'সুখী মানুষ' নাটিকার মোট চরিত্র সংখ্যা কত?
ⓚ চার ⓚ পাঁচ
ⓖ ছয় ⓖ সাত

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | ঘ |

Teachingbd.com